

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ

স্মারক নং- ৮৪৩ / ২০২৪ এসসি (এডি)

তারিখঃ ০২/০৭/২০২৪ খ্রিঃ

রদ্দি কাগজ/পুরাতন পেপার বুক বিক্রয়ের

নিলাম বিজ্ঞপ্তি


বাংলাদেশ সুপ্রীম কোর্ট, মূল ভবনের ৩য় তলার গোড়াউনে রক্ষিত রদ্দি (Useless) কাগজ (পুরাতন পেপারবুক) নিলামে বিক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট ক্রয়কারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে আগামী ১৬/০৭/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ০২ঃ০০ ঘটিকার মধ্যে আপীল বিভাগের ৩১৬ নং কক্ষের সামনে রক্ষিত দরপত্র বাঞ্ছা দরপত্র দাখিল করতে হবে।

উক্ত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, মূল ভবনের ৩য় তলায় কোর্ট অফিসার শাখায় যোগাযোগ করে বিনামূল্যে আবেদন ফরম সংগ্রহ এবং গোড়াউনে রক্ষিত রদ্দি (Useless) কাগজ (পুরাতন পেপারবুক) সরেজমিনে পরিদর্শন করা যাবে।

শর্তাবলী

- ১। রদ্দি (Useless) কাগজ তথা পুরাতন পেপারবুক এর প্রতি কেজির মূল্য নমুনা ফরম মোতাবেক উল্লেখ করতে হবে নমুনা ফরম সংশ্লিষ্ট শাখায় এবং ওয়েব সাইটে বিনা মূল্যে পাওয়া যাবে।
- ২। দাখিলকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্সসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।
- ৩। আগামী ১৬/০৭/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ০২ঃ৩০ ঘটিকায় দরপত্র দাখিলকারীদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাঞ্ছা খোলা হবে।
- ৪। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ও যুক্তিযুক্ত দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। উপরিবর্ণিত রদ্দি (Useless) কাগজ তথা পুরাতন পেপারবুক Digital Weight Machine দিয়ে ওজন করতঃ সমুদয় মূল্য বাবদ নগদ অর্থ নিলাম কমিটির সভাপতির নিকট তৎক্ষণাৎ পরিশোধ করতে হবে এবং সম্পূর্ণ টাকা পরিশোধ সাপেক্ষে গেইট পাশ সংগ্রহ পূর্বক নির্দিষ্ট তারিখের মধ্যে মালামাল নিজ খরচে ডেলিভারী নিতে হবে। Digital Weight Machine টি মালামাল ডেলিভারীর দিন কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে বহন করতে হবে।
- ৫। নিলামকৃত মালামালের কোন ক্রটি ধরা পড়লে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৬। জামানত হিসাবে দরপত্রের সাথে ২০,০০০/- (বিশ হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে (ফেরতযোগ্য)। এক্ষেত্রে ব্যাংক চেক/নগদ অর্থ গ্রহণযোগ্য নয়।
- ৭। নির্ধারিত তারিখের (অফিস চলাকালীন সময়) মধ্যে রদ্দি কাগজ/পুরাতন পেপারবুক ডেলিভারী নিতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।
- ৮। অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাটা-ছেঁড়া বা ফ্লু-ইড ব্যবহারকৃত দরপত্র এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরপত্র গ্রহণযোগ্য নহে।
- ৯। কর্তৃপক্ষ সর্বোচ্চ দর গ্রহণে বাধ্য নহেন এবং যে কোন সময় নিলাম প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে



(শেখ মোহা: আমীনুল ইসলাম)

অতিরিক্ত রেজিস্ট্রার

বরাবর

তারিখঃ

ডেপুটি রেজিস্ট্রার (বিচার ও সার্বিক),
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
আপীল বিভাগ, ঢাকা।

বিষয়ঃ পুরাতন রদ্দি কাগজ তথা পেপারবুক ক্রয় প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আপনার প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তি নং ক/২০২৩/২৪, তারিখঃ ১৩/০৬/২০২৪ অনুযায়ী আমি নিম্নস্বাক্ষরকারী নিলামের সকল শর্তাবলী মেনে উক্ত নিলামে অংশগ্রহণে ইচ্ছুক। নিম্নে কেজি প্রতি দর দেওয়া হইল।

১। রদ্দি কাগজ/পেপারবুক (যেখানে যে অবস্থায় আছে)	প্রতি কেজির প্রস্তাবিত মূল্য= (কাটা-ছেড়া/ফ্লু-ইড ব্যবহার করা যাবে না)	টাকা	পয়সা

কথায়ঃ _____

জামানত : ২০,০০০/- (বিশ হাজার) টাকা এর তথ্যঃ

পে-অর্ডার নং -

তারিখ : :

ব্যাংকের নাম : :

শাখা : :

নিবেদক-

স্বাক্ষর-

আবেদনকারীর নামঃ

জাতীয় পরিচয়পত্র নং

প্রতিষ্ঠানের নামঃ

মোবাইল নং-